দৈনিক সংবাদ

09 AUG 1986

পৃষ্ঠা ... কলাম 2 ...

# সরকারী রাজেন্দ্র কলেজে ৩৯টি শিক্ষকের পদ শূন্য ॥ জরাজীর্ণ হোষ্টেল ভবন ॥ খেলার মাঠ নেই

॥ ইউসুফ রেজা মন্টু ॥

ফরিদপুর, ৭ই আগষ্ট।—সরকারী রাজেন্দ্র কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজ ঘোষণা করা হলেও এ যাবৎ তা কার্যকরী করা হয়নি। অপর পক্ষে, কলেজে প্রায় ৪০ ভাগ শিক্ষকের পদ শূন্য রয়েছে। হুমকির মুখে রয়েছে কলেজের তিনটি পুরানো হোষ্টেল ভবন। এক কথায় কলেজের সমস্যার আবর্তে খুরপাক খাচ্ছে ১৮শ' ছাত্র-ছাত্রী।

কলেজ সূত্রে জানা গেছে, সরকারী রাজেন্দ্র কলেজে ৯৮টি শিক্ষকের পদ রয়েছে। এর মধ্যে ৩৯টি পদই শূন্য রয়েছে। সরকারী রাজেন্দ্র কলেজে মোট ২০টি বিভাগ রয়েছে। এর মধ্যে অর্থনীতি, বাংলা, হিসাব বিজ্ঞান, রসায়ন, পদার্থবিদ্যা ও রাষ্ট্র বিজ্ঞানে অনার্স বিভাগ রয়েছে। অথচ অনার্স ক্লাসগুলোর জন্য ভিন্ন কোন শিক্ষক নেই। ফলে রাজেন্দ্র ইন্টারমেডিয়েট কলেজের শিক্ষকরাই ডিগ্রী এবং অনার্স-এর ক্লাসসমূহ নিচ্ছেন। এছাড়া রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি ও পদার্থ বিদ্যা বিভাগের অবস্থা খুবই শোচনীয়।

সরকারী রাজেন্দ্র কলেজের অর্থনীতি বিভাগে প্রায় ২৪০ জন ছাত্র-ছাত্রী রয়েছে। অথচ এর জন্য শিক্ষক রয়েছেন মাত্র ৩জন। এ ছাড়া অন্যান্য বিভাগের অবস্থাও প্রায় এক।

কলেজ সূত্রে জানা গেছে, রাষ্ট্রপতি কর্তৃক ১৯৮৪ সালে সরকারী রাজেন্দ্র কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজ হিসেবে ঘোষণা করা হয়। কিন্তু শিক্ষকের স্বল্পতাহেতু দু'বছরেও কলেজটিকে বিশ্ববিদ্যালয় কলেজে উন্নীত করা সম্ভব হয়নি। অথচ কলেজের বর্তমান স্থান থেকে ডিগ্রী বিভাগকে বায়তুল আমানে স্থানান্তরের ফলে একই শিক্ষকের পক্ষে দু'মাইল যাতায়াত করে ক্লাস নেয়া দুরুহ হয়ে পড়ে। এছাড়া ছাত্রছাত্রীদের সমস্যা তো রয়েছেই।

কলেজের তিনটি হোষ্টেল ভবন দীর্ঘদিন যাবৎ ব্যবহারের অনুপযোগী হয়ে রয়েছে। অথচ স্থান সংকুলানের অভাবে বছরের পর বছর ঐ হোষ্টেল ভবনগুলোও ব্যবহৃত হয়ে চলছে। ফলে যে কোন মুহূর্তে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটে যাওয়াও বিচিত্র নয়।

সরকারী রাজেন্দ্র কলেজসংলগ্ন একমাত্র মাঠটির মালিকানা পি, ডব্লিউ, ডি'র, কলেজ ছাত্রদের দীর্ঘকালের দাবী মাঠটি কলেজের নিকট হস্তান্তরের। রাষ্ট্রপতি এ দাবীর প্রেক্ষিতেই মাঠটি সরকারী রাজেন্দ্র কলেজের মালিকানা হবে বলে ঘোষণা করেন। কিন্তু সর্বশেষ সংবাদে জানা গেছে, মাঠটির কোন সুরাহা আজো হয়নি। ফলে বিরাট মাঠটি পরিত্যক্ত অবস্থায় খেলাধুলার অযোগ্য হয়ে পড়ে রয়েছে।